সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/ ৯৯৪

তারিখঃ ১৬ মে, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক হতে মাস্টার এলসি, ব্যাক টু ব্যাক এলসি (Local & Foreign) এবং ইএক্সপি গ্রহণকালে ১৪ ডিজিট বিন (হাইফেনসহ) সঠিকভাবে ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

**সূত্রঃ** জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.২৫/২১৭, তারিখঃ ২২/০৪/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন যে, বন্ডেড ওয়্যারহাউস সংক্রান্ত সকল সেবা অটোমেশনের মাধ্যমে প্রদানের লক্ষ্যে গত ০১/০১/২০২৫ তারিখ থেকে Customs Bond Mamanement System (CBMS) সফটওয়্যার সেবা চালু করা হয়েছে। ইতোমধ্যে ইউপিসহ অন্যান্য কার্যক্রমে বাংলাদেশ ব্যাংক থেকে API (Application Programming Interface) প্রাপ্ত এলসি ও ইএক্সপি এর তথ্যে প্রতিষ্ঠানের ১৪ ডিজিট বিন (হাইফেনসহ) এর তথ্য সঠিকভাবে প্রতিফলিত হচ্ছে না। ফলে ব্যাক টু ব্যাক এলসিতে বিন নম্বর না থাকার কারণে এক প্রতিষ্ঠানের বিবিএলসি অন্য প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহারের ঝুঁকি সৃষ্টি হয়। ইতোমধ্যে যাচাইকালে এ ধরণের সমস্যা চিহ্নিত করা হয়, যা সূত্রোক্ত পত্রে বর্ণনা করা হয়েছে (কপি সংযুক্ত)। এই প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাংলাদেশ ব্যাংকের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভায় এলসি ও ইএক্সপিতে প্রতিষ্ঠানের ১৪ ডিজিট বিন (হাইফেনসহ) এর তথ্য সঠিকভাবে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক হতে মাস্টার এলসি, ব্যাক টু ব্যাক এলসি (Local & Foreign) এবং ইএক্সপি গ্রহণকালে ১৪ ডিজিট বিন (হাইফেনসহ) সঠিকভাবে ব্যবহারের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।



BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

Shahid vai
Plz make a circular

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.২৫ /২৯৭

তারিখ: ৯ বৈশাখ ১৪৩৩ / ২২ এপ্রিল ২০২৬

বিষয়: বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক হতে মাস্টার এলসি, ব্যাক-টু-ব্যাক এলসি (Local & Foreign) এবং ইএক্সপি গ্রহণকালে 14 Digit BIN (হাইফেনসহ) সঠিকভাবে ব্যবহার নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বন্ডেড ওয়্যারহাউস ব্যবস্থাপনা সংক্রান্ত সকল সেবা অটোমেশনের মাধ্যমে প্রদানের লক্ষ্যে গত ০১/০২/২০২৫ খ্রি. তারিখ হতে Customs Bond Management System (CBMS) সফটওয়্যার চালু করা হয়েছে। ইতোমধ্যে ইউটিলাইজেশন পারমিশন (ইউপি)-সহ অন্যান্য কার্যক্রমে বাংলাদেশ ব্যাংক থেকে API (Application Programming Interface)-এর মাধ্যমে প্রাপ্ত এলসি ও ইএক্সপি সংক্রান্ত তথ্য ব্যবহৃত হলেও বাংলাদেশ ব্যাংক থেকে প্রাপ্ত এলসি ও ইএক্সপি-এর তথ্যে প্রতিষ্ঠানের 14 Digit BIN (হাইফেনসহ)-এর তথ্য সঠিকভাবে প্রতিফলিত হচ্ছে না।

২। উল্লেখ্য যে, ব্যাক-টু-ব্যাক এলসি-তে BIN নম্বর না থাকলে একটি প্রতিষ্ঠানের এলসি অন্য প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহারের ঝুঁকি সৃষ্টি হয়। ইতোমধ্যে যাচাই করে দেখা যায় যে, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা-এর অধিক্ষেত্রাধীন শেনজেন মেটাল ইন্ডাস্ট্রিজ লি. (BIN নং-০০০৪৯৮৭৩৩-০১০৩) নামীয় প্রতিষ্ঠান কর্তৃক গত ০১/০২/২০২৬ খ্রি. তারিখ গৃহীত ইউপি-তে ডি. এইচ. প্যাকেজিং ইন্ডাস্ট্রিজ লি. (BIN নং-০০০৯৪৯৬৫৬-০২০৬) নামীয় অপর একটি প্রতিষ্ঠানের ব্যাক-টু-ব্যাক এলসি (এলসি নং-১০০৫২৬০৩০০০১৪) ব্যবহার করা হয়েছে। একইভাবে কালার সিটি লি. (BIN নং-০০০৩৩১৩৯৪-০১০৩) নামীয় প্রতিষ্ঠান কর্তৃক গত ০১/০২/২০২৬ খ্রি. তারিখ গৃহীত ইউপি-তে ইস্ট-ওয়েস্ট স্যুটিং মিলস লি. (BIN নং-০০০৫৩৯৮০৫-০৪০৩) নামীয় অপর একটি প্রতিষ্ঠানের ব্যাক-টু-ব্যাক এলসি (এলসি নং-১০০৫২৬০৩০০০৩১) ব্যবহার করা হয়েছে। এই প্রেক্ষিতে, বাংলাদেশ ব্যাংকের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভায় এলসি ও ইএক্সপি-তে প্রতিষ্ঠানের 14 Digit BIN (হাইফেনসহ)-এর তথ্য সঠিকভাবে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক হতে মাস্টার এলসি, ব্যাক-টু-ব্যাক এলসি (Local & Foreign) এবং ইএক্সপি গ্রহণকালে 14 Digit BIN (হাইফেনসহ) সঠিকভাবে ব্যবহারের বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল অংশীজনকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

22/04/2026

(সুরাইয়া সুলতানা)
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা), বেপজা কমপ্লেক্স, ধানমন্ডি, ঢাকা।
২-৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম/ঢাকা (উত্তর/দক্ষিণ), ঢাকা।
৫। প্রশাসক, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি (এফবিসিসিআই), ৬০ মতিঝিল, ঢাকা।
৬। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
৭। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
৮। সভাপতি, বিজিএপিএমইএ, ২৭৩/৩, পশ্চিম মালিবাগ, ইসিবি চত্বর, ডিওএইচএস লিংক রোড, ঢাকা।
৯। সভাপতি, এলএফএমইএবি, হারার লিংক, ট-৯৪/বি. মধ্য বাড্ডা গুলশান লিংক রোড, ঢাকা।
১০। সভাপতি, বিটিএ, বাড়ি নং-৫৭/৫ (২য় তলা) রোড ৪/এ, ধানমন্ডি, ঢাকা।
১১। সভাপতি, বিটিএমএ, লেভেল-৬, ইউটিসি ভবন, পান্থপথ, কাওরান বাজার- ১২১৫।
১২। সভাপতি, বিপিজিএমইএ, ৬ষ্ঠ তলা, স্যুইট- ৬০৩/৬০৪, পল্টন টাওয়ার, ৮৭ পুরাতন পল্টন লাইন, ঢাকা।
১৩। সভাপতি, বিএলএমইএ, ইরেক্টর হাউস (১০ম তলা), ১৮ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী বা/এ, ঢাকা।
১৪। সভাপতি, বিএফএলএলএফইএ, বাড়ি নং-৩২/এ, ফ্ল্যাট-বি/২, রোড-২, ধানমন্ডি, ঢাকা-১২০৫।

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.২৫

তারিখ: ৯ বৈশাখ ১৪৩৩ / ২২ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২। প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

Shaheen
plz circulate
among members unit
14/5/2026

CamScanner
Scanned with CamScanner